

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৮১

আগরতলা, ২৯ ডিসেম্বর, ২০২৩

জল জীবন মিশন

পশ্চিম ত্রিপুরা জেলায় ৭৫,৮৭৮টি বাড়িতে পানীয় জলের সংযোগ

জল জীবন মিশনে পশ্চিম জেলায় চলতি অর্থ বছরে ১ লক্ষ ৪ হাজার ৭৮৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ২৮ ডিসেম্বর পর্যন্ত ৭৫ হাজার ৮৭৮টি বাড়িতে পাইপ লাইনের মাধ্যমে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এরমধ্যে জেলার বামুটিয়া ব্লকের ৮,২১১টি, বেলবাড়ি ব্লকের ৫১৬৬টি, ডুকলি ব্লকের ২২ হাজার ৭৯০টি, হেজামারা ব্লকের ৫৭৫৯টি, জিরানীয়া ব্লকের ৮৬৪৬টি, লেফুঙ্গা ব্লকের ৩৩৫১টি, মান্দাই ব্লকের ৬২৩৭টি, মোহনপুর ব্লকের ৭৭২১টি এবং পুরাতন আগরতলা ব্লকের ৭৯৯৭টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। পশ্চিম জেলা পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
